

শ্রী
স্বাক্ষর
২১/০৬/২০২১

ভ্যাট নিয়ে নেই মাথা ব্যথা
১৬৫৫৫ নম্বরে বলুন কথা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, রাঙ্গামাটি সার্কেল
ভেদভেদী, রাঙ্গামাটি-৪৫০০।


বাহক/জিইপি/ই-মেইল

ই-মেইল: vatcirclerangamati@gmail.com

নথি নং- ৪র্থ/এ(১২)৩৪/মূসক/উৎসে কর্তন/রাঙ্গাঃ সাঃ/২০১৩/ ২৩৯২

তারিখঃ ২৬/০৬/২০২১ খ্রিঃ।

প্রেরকঃ রাজস্ব কর্মকর্তা

প্রাপকঃ অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
কলেজ গেইট, রাঙ্গামাটি।

বিষয়ঃ ২০২০-২০২১ অর্থ বছরের উৎসে কর্তনের তথ্য প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আর্কষণ করা হলো।


০২। আপনি অবগত আছেন যে, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এবং একই আইনের বিধিমালা, ২০১৬ ও জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং-১৪৯-আইন/২০২০/১১০-মূসক তাং-১১/৬/২০২০ খ্রিঃ মোতাবেক কোন সরকারি, আধা-সরকারি, সায়ত্বশাসিত প্রতিষ্ঠান, এনজিওসমূহের প্রদত্ত বিভিন্ন সেবা, উন্নয়ন প্রকল্প প্রভৃতির উপর নির্দিষ্ট হারে মূসক কর্তনের বিধান রয়েছে। উল্লিখিত উৎসে মূসক কর্তনের অর্থ সরকারি কোষাগারে (অর্থনৈতিক কোড ১-১১৩৩-০০২৫-০৩১১) জমা প্রদানপূর্বক ট্রেজারি চালানোর কপি স্থানীয় মূসক কার্যালয়ে জমা প্রদান/প্রেরণের বাধ্যবাধকতা থাকা সত্ত্বেও আপনার দপ্তর কর্তৃক আদায়কৃত উৎসে মূসক কর্তনের অর্থ সরকারি কোষাগারে জমা প্রদানের প্রমাণস্বরূপ কোন ট্রেজারি চালানোর কপি/প্রতিবেদন স্থানীয় মূসক কার্যালয়ে প্রেরণ করা হয়নি। মূসক ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১২৭(১) ও একই বিধিমালার বিধি-৮(২) অনুযায়ী কর্তনকৃত মূসক ১৫(পনের) দিনের মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান না করা হলে উক্ত অর্থ ২% সুদসহ আদায়যোগ্য ও একই আইনের ধারা-৮৫ এর উপ-ধারা (১ক) মোতাবেক উৎস কর্তনকারী ব্যক্তিকে সংশ্লিষ্ট মূসক কমিশনার ২৫,০০০/- (পঁচিশ হাজার টাকা) ব্যক্তিগত জরিমানা আরোপ করতে পারবেন এবং উৎসে মূসক কর্তন ও জমাদানের ব্যর্থতার জন্য পণ্য/সেবা সরবরাহকারী এবং গ্রহণকারী উভয়ই সমানভাবে দায়ী হবেন।

০৩। সরকারি রাজস্ব আহরণের স্বার্থে ২০২০-২০২১ অর্থবছরে (১ জুলাই, ২০২০- ৩০ জুন, ২০২১ খ্রিঃ) আপনার প্রতিষ্ঠান/দপ্তর কর্তৃক আদায়কৃত উৎসে ভ্যাট কর্তনের সমুদয় অর্থ বিধি মোতাবেক আগামী ৩০ জুন, ২০২১ খ্রিঃ সময়ের মধ্যে ট্রেজারি চালানোর মাধ্যমে ব্যাংকে পরিশোধপূর্বক এ সংক্রান্ত তথ্যাদি এবং একই অর্থবছরে প্রদত্ত বিভিন্ন সেবার উপর উৎসে মূসক কর্তনের মাসভিত্তিক পূর্ণাঙ্গ তথ্য আগামী ০১ জুলাই, ২০২১ খ্রিঃ তারিখের মধ্যে ইমেইল (vatcirclerangamati@gmail.com) বা ডাকযোগে বা জরুরী বাহক মারফত অত্র দপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪। সরকারি রাজস্ব সুরক্ষার স্বার্থে বিষয়টি অতীব জরুরী।

অধ্যক্ষের কার্যালয়

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা


(সুকান্ত দাশ)


রাজস্ব কর্মকর্তা (চঃ দাঃ)
তারিখঃ /০৬/২০২১ খ্রিঃ।

তারিখঃ ২৭/০৬/২০২১ খ্রিঃ।

বিজ্ঞপ্তি

অত্র কলেজের সম্মানিত বিভাগীয় প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, সংযুক্ত পত্রের মর্মানুযায়ী পণ্য/সেবার ওপর নির্ধারিত হারে উৎসে মূসক কর্তনপূর্বক সরকারি কোষাগারে জমা দেয়া বাধ্যতামূলক। এ লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক ২০২০-২০২১ অর্থবছরে আদায়কৃত উৎসে মূসক কর্তনের সমুদয় অর্থ ৩০ জুন, ২০২১ তারিখের মধ্যে ট্রেজারি চালানোর মাধ্যমে ব্যাংকে পরিশোধপূর্বক এ সংক্রান্ত তথ্যাদি জরুরী ভিত্তিতে কলেজ অফিসে জমাদানের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, বিভিন্ন পণ্য/সেবার ওপর উৎসে মূসক কর্তন সংক্রান্ত তথ্যাদি আগামী ০১/০৭/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে রাজস্ব কর্মকর্তা, রাঙ্গামাটি সার্কেল, রাঙ্গামাটি বরাবরে প্রেরণ করার নির্দেশনা রয়েছে।

সরকারি রাজস্ব সুরক্ষার স্বার্থে বিষয়টি অতীব জরুরী।


অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

বিতরণঃ

- ১। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল।
- ১। সংরক্ষণ নথি।